সংবাদ

তারিখ: 10 JUN 2017 পৃষ্ঠা: ২ কলাম: ৭

# যবিপ্রবিতে আরও তিনটি নতুন বিভাগ

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি) আগামী শিক্ষাবর্ষে আরও তিনটি বিভাগ খোলার সিদ্ধান্ত নিয়েছে। বিভাগ তিনটি হলো ব্যবসায় শিক্ষা অনুষদের অধীনে ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং ও ম্যানেজমেন্ট। আর প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের অধীনে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং।

মঙ্গলবার যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ১৮তম জরুরি সভায় এই সিদ্ধান্ড় নেয়া হয়। যবিপ্রবিতে বর্তমানে সাতটি অনুষদের অধীনে ১৯টি বিভাগ রয়েছে। একাডেমিক কাউন্সিলের সভায় আরও জানানো হয়, বিভাগ তিনটি চালু করতে প্রয়োজনীয় জনবলসহ অন্যান্য বিষয়ে অনুমোদনের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিগগিরই বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে (ইউজিসি) আবেদন জানাবে। ইউজিসির অনুমোদনের পরে বিশ্ববিদ্যালয়ে বিভাগ তিনটি চালু করা হবে বলে সভায় জানানো হয়।

সভায় ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার সময় সূচি নিয়েও আলোচনা হয়। সভায় এ বছরের নভেম্বরের প্রথম সপ্তাহে ভর্তি পরীক্ষা নেয়ার ব্যাপারে প্রাথমিক সিদ্ধান্ত নেয়া হয়েছে। একাডেমিক কাউন্সিলের চেয়ারম্যান ও যবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড.মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন ড. বিপ্লব কুমার বিশ্বাস, ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. সাইবুর রহমান মোল্যা, জীব বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ডিন ড. মো. ইকবাল কবির জাহিদ, বিজ্ঞান অনুষদের ডিন, ড. মো. জিয়াউল আমিন, একাডেমিক কাউন্সিলের সদস্য সচিব ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মো. আহসান হাবীব, পরীক্ষা নিয়ন্ত্রক আব্দুর রশীদসহ বিশ্ববিদ্যালয়ের সব বিভাগের চেয়ারম্যানবৃন্দ। সংবাদ বিজ্ঞপ্তি